

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৪৬

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৬

শিল্প, সাহিত্য, সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের  
জন্য রাজ্যের বিশিষ্ট ব্যক্তিগণকে বইমেলা মধ্যে সম্মাননা

বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য আজ বইমেলা মধ্যে রাজ্যের প্রখ্যাত ব্যক্তিদের বিভিন্ন পুরস্কারে পূর্ণসূত্র করা হয়। এবছর লোকসংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য লালন পুরস্কার পেয়েছেন পশ্চিম জেলার বীরেন্দ্র নগরের কল্যাণ ঠাকুর পাড়ার সত্যরঞ্জন দেববর্মা। বাংলা অথবা ককবরকে ছোট গন্ধ লেখায় উল্লেখযোগ্য অবদানের জন্য ভৌগুদেব স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার ধলেশ্বরের নরেন্দ্র দেববর্মা। বাংলা ও ককবরক সাহিত্যে উল্লেখযোগ্য অবদানের জন্য সলিলকৃষ্ণ দেববর্মণ স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার বড়দোয়ালী নিবাসী ড. নারায়ণ ভট্টাচার্য। বাংলাভাষায় সেরা প্রকাশনার জন্য রাধামোহন ঠাকুর স্মৃতি পুরস্কার পেয়েছে বাংলা একাডেমি আগরতলা প্রকাশন। তাদের প্রকাশিত বইয়ের নাম হল দ্রুপদী ভাষার আত্ম অনুসন্ধান : বঙ বাঙালী ও বাংলাভাষা। লেখক ড. রবীন্দ্র কুমার দত্ত। ককবরক ভাষায় সেরা প্রকাশনার জন্য দৌলত আহমেদ স্মৃতি পুরস্কার পেয়েছে সংহতি পুস্তকালয়। প্রকাশিত বইয়ের নাম হল কথমাখুন। লিখেছেন রবীন্দ্র কিশোর দেববর্মা। সেরা লিটল ম্যাগাজিনের পুরস্কার পেয়েছে খোয়াই'র ধাত্রীমুখ ম্যাগাজিন।

ন্ত্যে বিশেষ অবদানের জন্য সত্যরাম রিয়াং স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার ড. অর্পিতা রায়। মিউজিকে বিশেষ অবদানের জন্য অশ্বিনী বিশ্বাস স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার ড. অলক আচার্য। চিত্রকলা ও ভাস্কর্যে বিশেষ অবদানের জন্য সুমঙ্গল সেন স্মৃতি পুরস্কার পেয়েছেন বিলোনীয়ার কৃষ্ণ দেবনাথ। নাটকে বিশেষ অবদানের জন্য অজিত মজুমদার স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলা ক্যাম্পেরবাজারের পিন্টু দাস। অনুষ্ঠানের অতিথিগণ পুরস্কার প্রাপকদের হাতে পুরস্কারস্বরূপ শাল, মানপত্র, অর্থরাশির চেক তুলে দেন। ৪৪ তম বইমেলায় অংশ গ্রহণকারী বিভিন্ন স্টলের মধ্যে শ্রেষ্ঠ স্টল হিসেবে প্রথম হয়েছে পারঙ্গ লাইব্রেরি, দ্বিতীয় হয়েছে পারঙ্গ প্রকাশনী এবং তৃতীয় হয়েছে পি পি পাবলিকেশন। এছাড়াও এবার আগরতলা বইমেলায় চিত্র সাংবাদিকদের মধ্যে ছবি প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। প্রতিযোগিতায় প্রথম হয়েছেন রোহন চক্ৰবৰ্তী, দ্বিতীয় পার্থজিৎ দত্ত এবং তৃতীয় হয়েছেন রাজেশ রায়। অনুষ্ঠানে অতিথিগণ পুরস্কারপ্রাপকদের হাতে পুরস্কারগুলো তুলে দেন।

\*\*\*\*\*